**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 05-01-2026** **Desk in Charge:- S.D.G.**

**Time: 7. 35 AM** **Compiling :- Sudip B.**

**DEO: KB** **NRT : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর –

১/ SIR প্রক্রিয়ায় রাজ্যে বিকেন্দ্রীকৃত শুনানি কেন্দ্র চালুর অনুমোদন দিয়েছে নির্বাচন কমিশন। # রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে কমিশনকে আজ থেকে রিপোর্ট পাঠাবেন জেলাশাসকরা।

২/ সীমান্তবর্তী জেলাগুলিতে পরিকল্পিতভাবে জনবিন্যাস পরিবর্তনের চেষ্টা চলেছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩/ জাতীয় স্তোত্র-‘বন্দে মাতরমে’র দেড়শো বছর পূর্তি উপলক্ষে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে আজ থেকে দুদিনের বিশেষ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

৪/ কেন্দ্রীয় শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রী মনসুখ মনভিয়া বলেছেন, নতুন শ্রম কোড চালু হলে চা শ্রমিকরা বিশেষভাবে উপকৃত হবেন।

৫/ আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সাগর যাচ্ছেন।

৬/ শীতল বাতাস অবাধে প্রবেশ করায়, রাজ্য জুড়ে কনকনে শীত অনুভূত হচ্ছে।

*******************************************************************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় রাজ্যে বিকেন্দ্রীকৃত শুনানিকেন্দ্র বা ডিসেন্ট্রালাইজড হিয়ারিং সেন্টার চালুর অনুমোদন দিল নির্বাচন কমিশন। পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে পাঠানো এক নির্দেশিকায় কমিশন জানিয়েছে, ভৌগোলিক বিস্তৃতি, দুর্গম এলাকা, বনাঞ্চল, ছড়িয়ে থাকা বসতি এবং যাতায়াত সংক্রান্ত সমস্যার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, রাজ্যের বারোটি জেলায় মোট একশো ষাটটি বিকেন্দ্রীকৃত শুনানি কেন্দ্র তৈরি হবে। এই জেলাগুলির মধ্যে রয়েছে দার্জিলিং, ঝাড়গ্রাম, কালিম্পং, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, আলিপুরদুয়ার, বাঁকুড়া, নদিয়া, হাওড়া, পশ্চিম বর্ধমান, উত্তর চব্বিশ পরগনা এবং জলপাইগুড়ি। কমিশনের অনুমোদন অনুযায়ী, দার্জিলিং জেলায় সর্বাধিক ঊনচল্লিশটি এবং আলিপুরদুয়ারে আটত্রিশটি এই ধরনের শুনানি কেন্দ্র প্রস্তাব করা হয়েছে।

*************************

নির্বাচন কমিশন, রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আজ থেকে সাপ্তাহিক রিপোর্ট দেওয়ার জন্য সব জেলাশাসককে নির্দেশ দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে পাঠানো ঐ নির্দেশিকায় বলা হয়েছে, প্রতি সপ্তাহে জেলা শাসকেরা আইনশৃঙ্খলা সংক্রান্ত বিস্তারিত রিপোর্ট সিইও দফতরে পাঠাবেন। এরপর সেই রিপোর্ট যাবে নির্বাচন কমিশনের কাছে। ভোটের আগে নজরদারি আরও বাড়াতে ইতিমধ্যেই পঁচিশটি নোডাল এজেন্সি নিয়োগ করা হয়েছে। আজ থেকেই তারা কাজ শুরু করবে। প্রতিটি জেলায় জেলা শাসকের নেতৃত্বে আলাদা কমিটি গঠন করা হয়েছে, যারা এই নোডাল এজেন্সিগুলির সঙ্গে সমন্বয় রেখে কাজ করবে। আইনশৃঙ্খলা, প্রশাসনিক প্রস্তুতি ও নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় খতিয়ে দেখাই এই কমিটির দায়িত্ব।

*************************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের বর্তমান প্রক্রিয়ায় বিভিন্ন ত্রুটি রয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছেন। দীর্ঘ

চার পাতার ঐ চিঠিতে তিনি বেশ কিছু বিষয় উল্লেখ করে তা' অবিলম্বে সংশোধনের জন্য'ও বলেছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের কাছে পাঠানো ওই চিঠিতে মুখ্যমন্ত্রী দাবী করেছেন, SIR প্রক্রিয়ার কারণে গণতন্ত্রের ভিত ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং যোগ্য ভোটারদের নাম বাদ যাওয়ার আশঙ্কা থাকছে। তাঁর আরো অভিযোগ, SIR প্রক্রিয়ার জন্য বিভিন্ন রাজ্যে পৃথক মানদন্ড স্থির করেছে নির্বাচন কমিশন। বিহারের SIR-এর ক্ষেত্রে বংশ তালিকা বা ফ্যামিলি রেজিস্ট্রারকে বৈধ পরিচয় পত্র বলে গ্রহণ করা হলেও, এরাজ্যের ক্ষেত্রে তা' হচ্ছে। পাশাপাশি, পর্যাপ্ত প্রস্তুতি ছাড়াই তড়িঘড়ি এই প্রক্রিয়া চালানো হচ্ছে বলেও তিনি অভিযোগ করেছেন। SIR-এর শুনানি প্রক্রিয়ায় প্রবীণ, অসুস্থ নাগরিকদের হেনস্থার মুখে পড়তে হচ্ছে বলে উল্লেখ করে এব্যাপারে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাচন কমিশনের কাছে আর্জি জানিয়েছেন মুখ্যমন্ত্রী ।

***************************

সীমান্তবর্তী জেলাগুলিতে পরিকল্পিতভাবে জনবিন্যাস পরিবর্তনের চেষ্টা চলছে বলে বিজেপি অভিযোগ করেছে। হাওড়ায় দলের 'পরিবর্তন সংকল্প সভা'য় যোগ দিয়ে গতকাল রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেন, রাজ্যবাসী তৃণমূল কংগ্রেসের ওপর থেকে আস্থা হারিয়েছে। রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও এদিন সমালোচনায় সরব হন তিনি।

( বাইট- শমীক )

অন্যদিকে, পুরুলিয়ার বান্দোয়ানের মাঘলা ফুটবল ময়দানে 'পরিবর্তন সংকল্প সভা'য় যোগ দেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। বাংলাদেশী অনুপ্রবেশকারীদের রাজ্যের শাসক দল বাঁচানোর চেষ্টা করছে বলে এদিন অভিযোগ করেন তিনি।

***************************

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম'-এর দেড়শো বছর পূর্তি উপলক্ষে আজ থেকে দুদিনের বিশেষ কর্মসূচির আয়োজন করা

হচ্ছে। লোকভবন সূত্রে জানা গিয়েছে, এই দুই দিনের কর্মসূচিতে ‘বন্দে মাতরম’ এবং এর স্রষ্টা ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর প্রতি শ্রদ্ধা জানানো হবে। সাহিত্য সম্রাটের স্মৃতি বিজরিত তিনটি স্থান- নৈহাটির বঙ্কিম ভবন গবেষণা কেন্দ্র, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় এবং চুঁচুড়ার বঙ্কিমভবন থেকে একযোগে তিনটি মোটরসাইকেল র‍্যালি শুরু হবে। প্রত্যেক র‍্যালিতে বিশিষ্ট ব্যক্তি সহ ১৫০ জন করে রাইডার অংশ নেবেন। তিনটি র‍্যালি এসে মিলিত হবে জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে। সেখানে ‘অখণ্ড জ্যোতি’ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের প্রথম পর্ব সম্পন্ন হবে। সন্ধ্যায় জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে আয়োজন করা হবে এক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের।

আগামীকাল ৬’ই জানুয়ারি, জোড়াসাঁকো ঠাকুরবাড়ি থেকে ভিক্টোরিয়া মেমোরিয়াল হল পর্যন্ত ‘অখণ্ড জ্যোতি’ নিয়ে এক বিশেষ র‍্যালির আয়োজন করা হচ্ছে। এই র‍্যালির নেতৃত্ব দেওয়ার কথা প্রখ্যাত ক্রীড়াবিদ পি টি ঊষা-র। র‍্যালির শেষে ভিক্টোরিয়া মেমোরিয়ালে অনুষ্ঠিত হবে এক সাংস্কৃতিক অনুষ্ঠান। সেখানে বিভিন্ন ভারতীয় ভাষায় ‘বন্দে মাতরম’ পরিবেশনের জন্য খ্যাতনামা শিল্পীদের আমন্ত্রণ জানানো হয়েছে।

**************************

২০২৫ সাল শুধুমাত্র একটি বছরই ছিল না। এই বছরটি বিশ্বমঞ্চে ভারতের উত্থানের একটি গুরুত্বপূর্ণ সময়কাল ছিল।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন )

**************************

নতুন শ্রম কোড চালু হলে চা শ্রমিকরা বিশেষভাবে উপকৃত হবেন বলে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডভিয়া জানিয়েছেন। শিলিগুড়িতে ভারতীয় চা শ্রমিক ইউনিয়নের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে গতকাল ডক্টর মান্ডভিয়া বলেন, চা শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা, ন্যুনতম মজুরী সহ অন্যান্য সুবিধার সংস্থান রয়েছে নতুন শ্রম কোডে।

(বাইট-মান্ডবিয়া )

অনুষ্ঠানে দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তা বলেন, কেন্দ্রীয় সরকার, শ্রমিক কল্যাণে বিভিন্ন প্রকল্প চালু করলেও রাজ্য সরকারের হাতেই চা শ্রমিকদের মজুরি বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রয়েছে।

**************************

আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দক্ষিণ ২৪ পরগণার সাগরে যাচ্ছেন। দুপুরে এক অনুষ্ঠানে দূর নিয়ন্ত্রিত ব্যবস্থার মাধ্যমে মুড়িগঙ্গা নদীর ওপর সাগর সেতুর শিলান্যাস করবেন তিনি।

উল্লেখ্য, আনুষ্ঠানিকভাবে এবার সাগর মেলা শুরু হতে যাচ্ছে এমাসের আট তারিখে।

**************************

গঙ্গাসাগর মেলা উপলক্ষ্যে ইতমধ্যেই বহু পুন্যার্থী সেখানে পৌঁছে গেছেন।
ঘন কুয়াশার মধ্যে ফেরী চলাচলে দৃশ্যমানতা ঠিক রাখতে নদীর মাঝে থাকা প্রতিটি মিনারে ফ্লাড লাইটের ব্যবস্থা করা হয়েছে। নদী অথবা সড়ক পথে দুর্ঘটনা এড়াতে এবং নির্ভুল তথ্য পেতে সাগর মেলায় এবার উন্নত প্রযুক্তির GPS ব্যবস্থা ব্যবহার করা হবে। লট নাম্বার আট থেকে মেলা প্রাঙ্গণ পর্যন্ত বসানো হচ্ছে ১২'শ ক্লোজ সার্কট ক্যামেরা। যাত্রী চলাচলের সুবিধার জন্য ১০ টি স্থায়ী জেটির পাশাপাশি আরো ১১'টি অস্থায়ী জেটি নির্মাণ করা হয়েছে। তৈরী রয়েছে ১৩'টি বার্জ, ৪৫টি ভেসেল এবং ১০০ টি কাঠের লঞ্চ। বিমান বন্দর, রেল স্টেশন এবং বিভিন্ন বাস টার্মিনাস থেকে মেলায় যাত্রীদের নিয়ে আশার জন্য আড়াই হাজার বাস রাস্তায় নামানো হয়েছে।

**************************

আইআইটি খড়্গপুরে 'ইয়ং ইনোভেটরস প্রোগ্রাম'-YIP-র সপ্তম সংস্করণ অনুষ্ঠিত হয়েছে। দুবাই এবং ভারতের বিভিন্ন অংশ থেকে মোট ৩৪০ টি দল এই প্রতিযোগিতায় অংশ নেয়। অষ্টম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের জুনিয়র ও সিনিয়র দুটি দলে ভাগ করে প্রতিযোগিতা চলে। পড়ুয়াদের উদ্ভাবনী প্রতিভাকে গুরুত্ব দিয়ে ছটি সেরা টিমকে বেছে নেওয়া হয়েছে। পড়ুয়াদের হাতে পুরস্কার তুলে দেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার এবং আইআইটি খড়্গপুরের অধিকর্তা

অধ্যাপক সুমন চক্রবর্তী। পরে সাংবাদিকদের সুকান্তবাবু জানান, ভারতের ছেলেমেয়েদের দক্ষতা, 'বিকশিত ভারতে'র পথ সুগম করছে।

(বাইট- সুকান্ত)

প্রথম স্থান অধিকার করার পর উত্তরাখন্ডের একটি স্কুলের তিন পড়ুয়া, তাঁদের অভিজ্ঞতার কথা জানালেন।

( বাইট- তিন পড়ুয়া )

*************************

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির ন্যাজাটে জমি দখলের একটি মামলায় অভিযুক্তকে গ্রেপ্তার করতে গিয়ে স্থানীয়দের হাতে পুলিশের আক্রান্ত হওয়ার ঘটনায় গতকাল আরো তিনজনকে গ্রেফতার করা হয়েছে। পলাতক মুসা মোল্লার ছোট ভাই মোর্তাজা মোল্লা ও তাঁর দুই ছেলেকে জীবনতলা থেকে পাকড়াও করে পুলিশ। এই নিয়ে ঐ ঘটনায় গ্রেফতারির সংখ্যা বেড়ে হলো ১২।

আগেই জানানো হয়েছে, গত শনিবার রাতে রাজবাড়ি পুলিশ ফাঁড়ি এলাকার বাসিন্দা, এলাকায় তৃণমূল কংগ্রেস কর্মী হিসাবে পরিচিত মুসা মোল্লাকে জমি দখলের একটি মামলায় গ্রেপ্তার করতে যায় পুলিশ। সেই সময় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশের গাড়ি ঘিরে চলে ইটবৃষ্টি। ব্যাপক মারধর করা হয় পুলিশ কর্মীদের। আহত হন বেশ কয়েকজন পুলিশ কর্মী।

*************************

দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গড়ে তৃণমূল কংগ্রেসের গোষ্ঠী সংঘর্ষে গতকাল উত্তপ্ত হয়ে গোটা এলাকা। বহিষ্কৃত তৃণমূল কংগ্রেস নেতা আরাবুল ইসলামের ছেলে, জেলা পরিষদ সদস্য হাকিমুল মোল্লার গাড়িতে ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসক দলের বিধায়ক শওকত মোল্লার অনুগামীদের বিরুদ্ধে।

জানা গেছে, স্থানীয় তৃণমূল নেতা অদূত মোল্লার বাড়ির সামনে এসে গতরাতে তাঁকে খুনের হুমকি দেন শওকতের লোকজন। খবর পেয়ে গতকাল কাঁঠালিয়া এলাকায় অদূতের বাড়িতে যান প্রদীপ মণ্ডল, হাকিমুল-সহ বেশ কয়েকজন তৃণমূল

কংগ্রেস নেতা। এরপরই শওকত মোল্লার অনুগামীরা দীর্ঘক্ষণ হাকিমুল ইসলামের গাড়ি ঘিরে বিক্ষোভ দেখায় বলে অভিযোগ। তাঁর গাড়ি লক্ষ্য করে ইটও ছোঁড়া হয় বলে দাবী। দুপক্ষের মধ্যে ধস্তাধস্তি শুরু হলে পরিস্থিতি ঘোরালো হয়ে ওঠে। কাশীপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

*************************

পাহাড় থেকে সমতল সারা রাজ্য জুড়েই কনকনে শীতের অনুভূতি। দক্ষিণবঙ্গের সব জেলাতেই তাপমাত্রা কমার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। সান্দাকফু ও ফালুট এলাকায় হালকা তুষারপাত হয়েছে বলে সূত্রের খবর। দার্জিলিং পাহাড়ি এলাকায় হালকা তুষারপাত বা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন।

( বাইট- সৌরিশ বন্দোপাধ্যায় )

অন্যদিকে, এক ধাক্কায় কলকাতার তাপমাত্রার পারদ গত কালের থেকে প্রায় দুই ডিগ্রি কমেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২.৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা এক দশমিক ৭ ডিগ্রি কম। আজ থেকে পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা ৩ থেকে ৪° পর্যন্ত কমতে পারে বলে পূর্বাভাস।

*****************************************************************